গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট
www.beanibazar.sylhet.gov.bd

স্মারক: ০৫.৪৬.৯১১৭.০০১.১৬.০০১.২৬. ৭৮০

তারিখ: ০২ আগস্ট ২০২৬

বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারি চলাকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণের মৌখিক পরীক্ষার সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণের লক্ষ্যে মৌখিক পরীক্ষা আগামী ০৪ আগস্ট ২০২৬ ও ০৬ আগস্ট ২০২৬ তারিখ মঙ্গলবার ও বৃহস্পতিবার নিম্নে উল্লেখিত সময়সূচি অনুসারে বিয়ানীবাজার উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে।

ক্র:নং	পদের নাম	ইউনিয়ন	সময়	তারিখ	বোর্ড নম্বর
০১	তথ্য সংগ্রহকারী	আলীনগর ইউনিয়ন	সকাল ১০.০০ ঘটিকা	০৪ আগস্ট ২০২৬	বোর্ড নম্বর: ০১
		দুবাগ ইউনিয়ন	দুপুর ০২:০০ ঘটিকা		
		শেওলা ইউনিয়ন	সকাল ১০.০০ ঘটিকা		বোর্ড নম্বর: ০২
		তিলপাড়া ইউনিয়ন	সকাল ১০.০০ ঘটিকা		বোর্ড নম্বর: ০৩
		মাথিউরা ইউনিয়ন	বিকাল ০৩.০০ ঘটিকা		
		চারখাই ইউনিয়ন	সকাল ১০.০০ ঘটিকা		বোর্ড নম্বর: ০৪
		মোল্লাপুর ইউনিয়ন	বিকাল ০৩.০০ ঘটিকা		
		কুড়ারবাজার ইউনিয়ন	সকাল ১০.০০ ঘটিকা		বোর্ড নম্বর: ০৫
		লাউতা ইউনিয়ন	দুপুর ০২.০০ ঘটিকা		
০২	তথ্য সংগ্রহকারী	বিয়ানীবাজার পৌরসভা (আবেদন নম্বর: পৌর ০০১-০৪০)	সকাল ১০.০০ ঘটিকা	০৬ আগস্ট ২০২৬	বোর্ড নম্বর: ০১
		বিয়ানীবাজার পৌরসভা (আবেদন নম্বর: পৌর ০৪১-০৮৯)	সকাল ১০.০০ ঘটিকা		বোর্ড নম্বর: ০২
		মুড়িয়া ইউনিয়ন	সকাল ১০.০০ ঘটিকা		বোর্ড নম্বর: ০৩
০৩	সুপারভাইজার (পুরুষ)	সকল ইউনিয়ন ও পৌরসভা	সকাল ১০.০০ ঘটিকা		বোর্ড নম্বর: ০৪
০৪	সুপারভাইজার (মহিলা)	সকল ইউনিয়ন ও পৌরসভা	সকাল ১০.০০ ঘটিকা		বোর্ড নম্বর: ০৫

প্রার্থীর জন্য প্রয়োজনীয় নির্দেশনা:

১। জাতীয় পরিচয়পত্রের মূল কপি/ছবি যুক্ত মূল আইডি কার্ড, জন্মনিবন্ধন সনদ, সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, নাগরিক সনদ, অভিজ্ঞতাসহ (কম্পিউটার চালনায় দক্ষতা/পূর্ব শুমারী অভিজ্ঞতা) অন্যান্য যোগ্যতার মূল সনদপত্র (যদি থাকে) মৌখিক পরীক্ষায় প্রদর্শন করতে হবে।

২। আবেদনকারীকে ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় (কম্পিউটার, ট্যাবলেট/স্মার্টফোন চালানোর, ওয়েব এ্যাপ্লিকেশন ব্যবহার দক্ষতা) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সকল প্রকার তদবির অযোগ্য হিসাবে গণ্য হবে।

৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে এনড্রয়েড সেট (ইন্টারনেট সংযোগসহ) সাথে রাখতে হবে।

৪। পরীক্ষার নির্ধারিত সময় অতিক্রম করলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৫। স্বেচ্ছাসেবী নির্বাচনের লক্ষ্যে সংশ্লিষ্ট বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত এবং কর্তৃপক্ষ যে কোন শর্তাবলী বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

৬। লিখিত/মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

02.08.26

(উম্মে হাবিবা মজুমদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বিয়ানীবাজার, সিলেট।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য-২৩৪, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ) সিলেট।
২। জেলা প্রশাসক, সিলেট।
৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়,সিলেট।
৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট ।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।
৬। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা (পুলিশ ফোর্স মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
৭। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), বিয়ানীবাজার, সিলেট।
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, বিয়ানীবাজার প্রেস ক্লাব/রিপোর্টার্স ইউনিট/জার্নালিস্ট এসোসিয়েশন বিয়ানীবাজার (বহুল প্রচারের অনুরোধসহ)।
৯। অফিস কপি।

02/04/26

(অনুজ চক্রবর্ত্তী)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বিয়ানীবাজার, সিলেট।